দৈনিক বাংলা

তারিখ ... ১৭.৫.৯১ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... 2 ...

16



মোহাম্মদ ওয়াসিউদ্দীন

# ভাল ফলের জন্য চাই নিয়মানুবর্তিতা ঃ ওয়াসিউদ্দিন

।। স্টাফ রিপোর্টার ।।

মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র নাজিমউদ্দিন মোহাম্মদ ওয়াসিউদ্দিন ঢাকা বোর্ডের চলতি বছরের এসএসসি পরীক্ষায় সাধারণ বিজ্ঞান বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করেছে। ওয়াসি ছয়টি বিষয়ে লেটার নম্বর পেয়েছে। প্রাপ্ত মোট নম্বর হচ্ছে ৮৭১।

(শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## ভাল ফলের জন্য

(প্রথম পৃঃ পর)

ওয়াসি গতকাল ফল প্রকাশের পর সাংবাদিকদের জানায় ঃ তার আশা ছিল মেধা তালিকায় স্থান লাভের। তাই পরিশ্রমের ফসল লাভ করায় সে খুশী। ওয়াসি কম্পিউটার ইঞ্জিনিয়ারিং–এর উচ্চশিক্ষা লাভে আগ্রহী।

ওয়াসিউদ্দিন মনে করে ভাল রেজাল্টের জন্যে দরকার অধ্যবসায় ও নিয়মানুবর্তিতা। সে ছুটিতে বাসায় এলে ৫/৬ ঘন্টা করে লেখাপড়া করত। মোহামেডান টীমের সমর্থক ওয়াসি কলেজের ফুটবল ও বাস্কেট টীমে নিয়মিত খেলে থাকে। সে ছাত্রদের প্রত্যক্ষ রাজনীতি করার বিরোধী। ওয়াসির প্রিয় নেতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান।

ওয়াসির বাবা মোহাম্মদ নাজিমউদ্দিন বদরুন্নেসা সরকারী কলেজের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক। ওয়াসিরা দুই ভাই, দুই বোন।